**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

===========================================================================

(১) দ্বিতীয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনে আসামে বিনিয়োগের জন্যে প্রধানমন্ত্রীর দেশ-বিদেশের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান/

(২) সম্মেলনে বেশকয়েকটি প্রথমসারীর বাণিজ্যিক গোষ্ঠীর আসামে বৃহৎ পরিমাণ বিনিয়োগের প্রতিশ্রুতি/

(৩) আসাম বর্তমানে দেশের উন্নয়নের ইঞ্জিনে পরিণত হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ'র মন্তব্য/

(৪) এডভান্টেজ আসাম'এর অংশ হিসেবে আজ রাজ্যের জেলাগুলিতে বিনিয়োগের জন্য চুক্তি স্বাক্ষরিত/

এবং

(৫) আগামীকাল মহাশিবরাত্রি উপলক্ষে বরাক উপত্যকায় ব্যাপক প্রস্তুতি/ ভূবন পাহাড়ের শিবতীর্থ ও ভূবন মেলায় যাওয়ার জন্য আজ থেকেই পুণ্যার্থীদের ভীড়/

আসামের নেতৃত্বে সমগ্র উত্তর পূর্বাঞ্চল নতুন ভবিষ্যতের সূচনা করার পথে অগ্রসর হয়েছে । অনুরূপভাবে বিশ্বব্যাপী অনিশ্চয়তার মধ্যেও বিশ্বের বহু বিশেষজ্ঞ সম্প্রতি ভারতের স্বচ্ছ বিকাশের ধারার কথা আলোচনা করছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত দ্বিতীয় এডভান্টেজ আসাম- বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন যে- বর্তমান সময়ে ভারত এক পা এক পা করে এগিয়ে যাওয়ার পাশাপাশি একবিংশ শতাব্দীর আগামী ২৫ বছরের দীর্ঘমেয়াদী লক্ষ্য মাথায় রেখে বৃহৎ পরিসরে কাজকর্মে অগ্রসর হয়েছে । ভারতের প্রশাসনিক তৎপরতার ক্ষেত্রে সমগ্র বিশ্ব আস্থা রেখেছে বলে উল্লেখ করে শ্রী মোদী দক্ষতার ক্ষেত্রে সুষ্ঠুভাবে এগিয়ে যাওয়া দেশের যুব সমাজ এবং মধ্যবিত্ত শ্রেণীর কথা উল্লেখ করেন । দ্বিতীয় এডভান্টেজ আসামের উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী বিভিন্ন দেশের প্রতিনিধি এবং দেশ-বিদেশের বিনিয়োগকারীদের সামনে আসামের নিজস্ব পরিচয় স্বরূপ চা শিল্পের দুশো বছর সম্পূর্ণ হওয়ার কথা স্মরণ করেন । তিনি বলেন যে- এই চা শিল্প বর্তমানে অন্যান্য শিল্পকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রেরণা যোগাচ্ছে । রাজ্যে নির্মিয়মান ইউরিয়া প্রকল্প সমগ্র দেশের চাহিদা পূরণ করতে সমর্থ হবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী শীঘ্রই আসাম উত্তর-পূর্বের নির্মাণ ক্ষেত্রের কেন্দ্র হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেন । তিনি বলেন যে- নির্মাণ ক্ষেত্রে আসাম অনেকখানি এগিয়ে গেছে এবং উচ্চমানের প্রযুক্তি সহ স্টার্ট-আপ'এর কেন্দ্রে পরিণত হয়েছে । আসামের জাগীরোডে স্থাপন করতে যাওয়া সেমি কন্ডাক্টর প্রকল্প আগামী সময়ে উত্তর-পূর্বাঞ্চলের পরিচয় হয়ে উঠবে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে- আগামীতে ভারত সেমি কন্ডাক্টর ক্ষেত্রে বিশ্বের প্রথমসারীর দেশ হয়ে উঠবে । এবং এই প্রকল্পের মাধ্যমে আসামের

অর্থনীতিও সুদৃঢ় হবে । প্রধানমন্ত্রী বিনিয়োগকারীদের আসামে বিনিয়োগের জন্য এগিয়ে আসার আহ্বান জানান ।

---

বিনিয়োগ ও পরিকাঠামো বিষয়ক সম্মেলন- দ্বিতীয় এডভান্টেজ আসামের উদ্বোধনী পর্বে আজ বেশকয়েকটি বাণিজ্যিক গোষ্ঠী আসামে বৃহৎ পরিমাণে বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে । আজকের অনুষ্ঠানে রিলায়েন্স গ্রুপের অধ্যক্ষ মুকেশ আম্বানী, আদানি গ্রুপের অধ্যক্ষ গৌতম আদানি, বেদান্ত গ্রুপের অধ্যক্ষ সজ্জন জিন্দাল সহ বহু শিল্পপতি বক্তব্য রাখেন । আদানি গ্রুপের অধ্যক্ষ গৌতম আদানি তাঁর বক্তব্যে আসামে এরোসিটি, সিমেন্ট সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগের কথা ব্যক্ত করেন । অনুষ্ঠানে ভাষণ দিয়ে রিলায়েন্স গ্রুপের অধ্যক্ষ মুকেশ আম্বানী আসামে মেগা ফুড পার্ক, সেভেন স্টার হোটেল, দুটি জৈব ইন্ধন গোষ্ঠী সহ পাঁচটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে আগামী পাঁচ বছরে ৫০ হাজার কোটিরও বেশি টাকা বিনিয়োগ করার কথা প্রকাশ করেন । এর মাধ্যমে রাজ্যে দশ হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলেও তিনি উল্লেখ করেন । ভবিষ্যতে আসাম প্রযুক্তির ভূস্বর্গে পরিগণিত হবে বলে উল্লেখ করে শ্রী আম্বানী বলেন যে- ধীরে ধীরে জনসাধারণ এ আই বললে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর পরিবর্তে আসাম ইন্টেলিজেন্স কথাটি বুঝবেন । টাটা সন্স’এর অধ্যক্ষ এন. চন্দ্রশেখরণ তাঁর ভাষণে বলেন যে- আসামের সঙ্গে টাটা গ্রুপের কয়েক দশকের সম্পর্ক রয়েছে । বিগত বছরে টাটা, সেমি কন্ডাক্টর প্রকল্পের সূচনার মাধ্যমে আসাম এবং টাটা গ্রুপের মধ্যের সম্বন্ধ সুদৃঢ় হলো বলে উল্লেখ করে তিনি বলেন যে- আসাম সরকার শিল্প বিকাশের নতুন মাত্রা নির্ধারণ করেছে । তিনি বলেন যে- টাটা গ্রুপ আগামী সময়েও রাজ্যে আরো একটি বৃহৎ নির্মাণ প্রযুক্তির প্রকল্পে বিনিয়োগ করবে এবং এরফলে ৩০

হাজার যুবক যুবতী কর্মসংস্থানের সুযোগ লাভ করভে । বেদান্ত গ্রুপের অধ্যক্ষ অনিল আগারওয়াল আগামী দুবছরে আসামে একলক্ষ ব্যারেল তেল উৎপাদন করা হবে বলে ঘোষণা করেন । জে এস ডব্লিউ গ্রুপের অধ্যক্ষ সজ্জন জিন্দাল তাঁর ভাষণে বলেন যে- উত্তর-পূর্বাঞ্চল সম্বৃদ্ধ হলেই দেশ সম্বৃদ্ধ হবে । শ্রী জিন্দাল আসামের পুর্ননবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে বিনিয়োগের সম্ভাবনার কথা উল্লেখ করেন ।

---

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে আসাম বর্তমানে দেশের বিকাশের ইঞ্জিনে পরিণত হয়েছে ।গৌহাটীতে অনুষ্ঠিত দ্বিতীয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে মন্ত্রী আজ তাঁর দায়িত্বে থাকা আরো দুটি মন্ত্রণালয় রেল ও বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন প্রকল্প রূপায়নে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে জানান । গৌহাটী রেল স্টেশনকে ১২ তলা বা ততোধিক উচ্চতার তথ্য প্রযুক্তি কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে বলে উল্লেখ করে শ্রী বৈষ্ণ বলেন যে বিগত কয়েক বছরে উত্তর-পূর্ব সীমান্ত রেলের এক হাজার কিলোমিটারেরও অধিক দৈর্ঘ্যের নতুন রেলপথ নির্মাণ করা হয়েছে এবং এটি শ্রীলঙ্কার মোট রেলপথের দৈর্ঘ্যের অধিক। সেইসঙ্গে তিনি লামডিংয়ে রেল ইঞ্জিন পুনরনির্মাণের কারখানা স্থাপনের কথাও ঘোষণা করেন । শ্রী বৈষ্ণো আসামে একটি মোবাইল ফোন নির্মাণ কারাখানা স্থাপন করার কথাও ঘোষণা করেন ।

---

অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয়সংস্করণে রাজ্যের বিনিয়োগ ক্ষেত্রে ১ লক্ষ ২২ হাজার কোটি টাকার সমঝোতা চুক্তি স্বাক্ষরে অনুমোদন জনানো হয়েছে । অন্যান্য জেলার আয়ুক্তরাও সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছেন । এরই অংশ হিসেবে

অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ উপলক্ষ্যে হাইলাকান্দি জেলার ৯২ জন শিল্পপতি ৩২ কোটি টাকা বিনিয়োগের জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছেন । আজ শহরের রবীন্দ্র ভবনে জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এক সভায় এই চুক্তি স্বাক্ষর করা হয় । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষন প্রসঙ্গে জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম বলেন যে

বাইট------ ২১

অনুষ্ঠানের শুরুতে জেলা শিল্প ও বাণিজ্য বিভাগের অ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার ফরিদা ইয়াসমিন রাজ্য সরকারের শিল্প বিভাগের পোর্টালে কমন অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে আলোচনা করেন । অনুষ্ঠানে অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি দেখানো হয় ।

শ্রীভূমি জেলায়ও আজ অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ উপলক্ষ্যে ৩২ জন শিল্পোদ্যোগীদের পক্ষে জেলা প্রশাসনের সঙ্গে ১২১ কোটি টাকার অধিক বিনিয়োগের জন্য সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে । এ উপলক্ষ্যে আজ শ্রীভূমি জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে শিল্পোদ্যোগীদের এক সভা অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে জেলা শিল্প ও বাণিজ্য কেন্দ্রের অতিরিক্ত জেলা আয়ুক্ত উদয় শঙ্কর দত্ত শিল্পপতিদের সঙ্গে এই সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন ।

নির্বাচন কমিশন আগামী চৌঠা মার্চ থেকে নতুনদিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশনেল ইনস্টিটিউট অফ ডেমোক্র্যাসি এন্ড ইলেকশন ম্যানেজমেন্ট দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত্য অঞ্চলের প্রধান নির্বাচন আধিকারিকদের সঙ্গে দুদিনের সম্মেলনের সময়সূচী নির্ধারণ করেছে ।

---

আগামীকাল মহাশিবরাত্রি । এ উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে দেবাদিদেব মহাদেবের আরাধনার জন্য ব্যাপক প্রস্তুতি চলছে । বরাক উপত্যকার তিন জেলায়ও মহা শিবরাত্রি পালনের প্রস্তুতি অব্যাহত রয়েছে । এ উপলক্ষ্যে তিন জেলার শিব মন্দিরগুলি সাজিয়ে তোলা হয়েছে । এদিকে ঐতিহ্যবাহী ভুবন পাহাড়ে আগামীকাল মহাশিবরাত্রি উপলক্ষ্যে আজ থেকেই ভক্তদের এই পাহাড়ের উদ্দেশ্যে তীর্থযাত্রা শুরু হয়ে গেছে । কাছাড় জেলা প্রশাসন এ উপলক্ষ্যে পূণ্যার্থীদের সুবিধের জন্য সবধরণের ব্যবস্থা গ্রহন করেছে । স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার প্রতি লক্ষ্য রেখে ভুবন মেলা প্রাঙ্গণে ১০০ টি অস্থায়ী শৌচাগার স্থাপন করা সহ তীর্থযাত্রীদের বিশ্রামের জন্য বিভিন্ন স্থানে বিশ্রাম শিবিরের ব্যবস্থাও রয়েছে । এদিকে মেলা স্থলে চিকিৎসা সেবা ও জোরদার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---

শিলচরের প্রজাপিতা ব্রহ্মকুমারীজ ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয় সেন্টারের উদ্যোগে মহা শিবরাত্রী উপলক্ষ্যে আজ একটি শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । শোভাযাত্রাটি তারাপুর চাঁন্দমারি থেকে বের হয়ে লিংক রোডের সেন্টারে গিয়ে শেষ হয় । শোভাযাত্রাটি আগামীকাল শিলচর থেকে বের হয়ে হাইলাকান্দি উদ্দেশ্যে যাত্রা করবে ।

---

লায়ন্স ক্লাব শিলচরে সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালী ভিউ এর ব্যবস্থাপনায় আগামী তেসোরা মার্চ বড়খাল গার্লস এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০ তায় শুরু হবে।